# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫২৯]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৫৫ : গীবতে [পরচর্চায়] অংশগ্রহণ করা হারাম। যার নিকট গীবত করা হয় তার উচিত গীবতকারীর তীব্র প্রতিবাদ করা এবং তার সমর্থন না করা। আর তাতে সক্ষম না হলে স□ম্ভব হলে উক্ত সভা ত্যাগ করে চলে যাওয়া

(255) بَابُ تَحْرِيْمِ سِمَاعِ الْغِيْبَةِ وَأَمْرِ مَنْ سَمِعَ غِيْبَةً مُحَرَّمَةً بِرَدِّهَا، وَالْإِنْكَارِ عَلٰى قَائِلِهَافَإِنْ عَجِزَ أَوْ لَمْ يَقْبَلْ مِنْهُ فَارَقَ ذٰلِكَ الْمَجْلِسَ إِنْ أَمْكَنَهُ

আরবী

وَعَنْ عِتبَانَ بن مَالكٍ رضي الله عنه فِي حَدِيثِهِ الطَّوِيلِ المَشْهُورِ الَّذِيْ تَقَدَّمَ فِي بَابِ الرَّجَاءِ قَالَ: قَامَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُصَلِّي فَقَالَ: «أَيْنَ مَالِكُ بنُ الدُّخْشُمِ ؟» فَقَالَ رَجُلٌ : ذَلِكَ مُنَافِقٌ لاَ يُحِبُّ اللهَ وَلاَ رَسُولَهُ، فَقَالَ النَّبِيّ صلى الله عليه وسلم : «لاَ تَقُلْ ذَلِكَ أَلاَ تَراهُ قَدْ قَالَ: لاَ إِلٰهَ إِلاَّ اللهُ يُرِيدُ بِذَلكَ وَجْهَ اللهِ ! وإنَّ الله قَدْ حَرَّمَ عَلَى النَّارِ مَنْ قَالَ: لاَ إِلٰهَ إِلاَّ اللهُ يَبْتَغي بِذَلِكَ وَجْهَ اللهِ» . متفق عَلَيْهِ

বাংলা

২/১৫৩৭। ইতবান ইবনে মালিক রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, যা বিগত 'আল্লাহর প্রতি আশা' পরিচ্ছেদে বর্ণিত একটি সুদীর্ঘ হাদিসের অংশ বিশেষ। তিনি বলেন, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামায পড়ানোর উদ্দেশ্যে উঠে দাঁড়িয়ে বললেন, ''মালেক ইবনে দুখশুম কোথায়!'' একটি লোক বলে উঠল, 'সে তো একজন মুনাফিক; আল্লাহ ও তাঁর রাসূলকে ভালবাসে না।' নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''ও কথা বলো না। তুমি কি মনে কর না যে, সে [কালিমাহ] 'লা ইলাহা ইল্লাল্লাহ' পড়েছে এবং সে তার দ্বারা আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে চায়? যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টি অর্জন করার উদ্দেশ্যে [কালিমাহ] 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলে, আল্লাহ তার উপর জাহান্নামের আগুন হারাম করে দেন।'' (বুখারী, মুসলিম) [1]

## English

(255) Chapter: Prohibition of Listening to Backbiting

'Itban bin Malik (May Allah be pleased with him) said in his long Hadith cited in the Chapter entitled 'Hope' reported:

When the Prophet (ﷺ) stood up to offer As-Salat (the prayer) he asked, "Where is Malik bin Ad-Dukhshum?" A man replied: "He is a hypocrite. He does not love Allah and His Messenger." The Prophet (ﷺ) said, "Do not say that. Do you not know that he said: La ilaha illallah (there is no true god except Allah),' seeking His Pleasure. Allah has made the fire of Hell unlawful for him who affirms that none has the right to be worshipped but Allah."

[Al-Bukhari and Muslim].

Commentary: "Allah has made the fire of Hell unlawful'' means that a Muslim will not abide in Hell for ever. The reason is that if a Muslim has committed some major sin and Allah has not pardoned it, then he will certainly suffer its punishment in Hell. He will stay there as long as Allah will. However, he will be later on shifted to Jannah. This Hadith also leads us to the conclusion that the backbiting of a Muslim is forbidden. See the explanation of this Hadith under Hadith No. 418.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৭৭, ১৮৯, ৪২৪, ৪২৫, ৬৬৭, ৬৮৬, ৮৩৮, ৮৪০, ১১৮৬, ৪০১০, ৫৪০১, ৬৩৫৪, ৬৪২২, ৬৯৩৮, মুসলিম ৩৩, আবূ দাউদ ১৪১১, ইবনু মাজাহ ৬৬০, ৭৫৪, আহমাদ ২৩১০৯, ২৩১২৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ ইতবান ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=27795

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন